বিনোদন

এবার চিত্রায়িত হচ্ছে শঙ্খধ্বনি

'শঙ্খধ্বনি' সাদামাটা এক গল্পের চিত্রনাট্য; যেটি জিতে নিয়েছে বিভিন্ন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সেরা চিত্রনাট্যের পুরস্কার। এই চিত্রনাট্য থেকে এবার চলচ্চিত্র নির্মাণের ঘোষণা দিয়েছেন 'শুনতে কি পাও'খ্যাত নির্মাতা কামার আহমেদ সাইমন। সম্প্রতি এক সংবাদ সম্মেলনে এমন ঘোষণা দিয়েছেন তিনি। 'শঙ্খধ্বনি' কামারের নিজের জীবনের গল্প। যেখানে বলা হয়েছে ছেলেবেলার হারিয়ে ফেলা এক বন্ধুর গল্প। চলচ্চিত্র হিসেবে 'শঙ্খধ্বনি'র প্রযোজক থাকছেন সারা আফরীন। সহ-প্রযোজক হিসেবে থাকছে সারা যাকেরের প্রযোজনা প্রতিষ্ঠান ধ্বনিচিত্র। সুইডেন, ফ্রান্সসহ বিভিন্ন দেশে পুরস্কারজয়ী 'শঙ্খধ্বনি' এ বছর কান চলচ্চিত্র উৎসবে উদীয়মান নির্মাতাদের জন্য বিশেষ আয়োজন 'লা ফ্যাব্রিক দ্য সিনেমা দ্যু মন্দ'তে আমন্ত্রিত সেরা ১০ চিত্রনাট্যের অন্যতম।

নাইটহুড খেতাব পেলেন জোলি ও ডে লুইস

ব্রিটিশ রাজ পরিবারের সম্মানসূচক উপাধি নাইটহুড। সামাজিক ও জনসচেতনতামূলক বিভিন্ন কাজে অবদান রাখার জন্য প্রতিবছর দেয়া হয় এই সম্মানসূচক খেতাব। সাধারণত

ব্রিটিশ নাগরিকরাই এই সম্মাননা পেয়ে থাকেন। তবে এ বছরের তালিকায় রয়েছে অন্য এক চমক। ব্রিটিশ না হয়েও যে এই সম্মাননা পেয়েছেন হলিউড তারকা অ্যাঞ্জেলিনা জোলি! মূলত জাতিসংঘের বিভিন্ন মানবসেবাধর্মী কাজের জন্যই তিনি এই সম্মাননা পেয়েছেন। তালিকায় আরো আছেন তিনবারের অস্কারজয়ী 'লিঙ্কন' তারকা ড্যানিয়েল ডে লুইস, হ্যারি পটার তারকা ম্যাগি স্মিথ, ব্লগার স্টিফেন সাটন আর ঔপন্যাসিক হিলারি ম্যান্টেল। সম্প্রতি রানী দ্বিতীয় এলিজাবেথের জন্মদিন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে ঘোষণা করা হয় এ বছরের নাইটহুড খেতাবপ্রাপ্তদের তালিকা।

সরদার ফজলুল করিম ও বিপ্লবী বিনোদ বিহারী চৌধুরী

২০১১ সালের ১৬ জুলাই এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশের দেয়া সংবর্ধনায় অন্তরঙ্গ মুহূর্তে সরদার ফজলুল করিম (১ মে, ১৯২৫- ১৫ জুন ২০১৪) এবং ব্রিটিশবিরোধী বিপ্লবী বিনোদ বিহারী চৌধুরী (১০ জানুয়ারি, ১৯১১- ১০ এপ্রিল ২০১১)। পাশে বসে এই দুই প্রবীণ প্রতিভার সৌহার্দ্য উপভোগ করছেন প্রখ্যাত শিক্ষাবিদ এএফ সালাহউদ্দিন আহমেদ

আলো

শেখ মনিরুল ইসলাম

দক্ষিণাঞ্চলে নার্সারি শিল্পের অন্যতম পথিকৃৎ শেখ মনিরুল ইসলাম আজ কোটিপতি। কিন্তু অভাবের কারণে এক সময় চোখে অন্ধকার দেখছিলেন তিনি। পোশাক ও বাসভাড়ার অভাবে তার কলেজে যাওয়া হতো না। খুলনার ফুলতলা উপজেলার বুড়িয়ারডাঙ্গা গ্রামের শেখ তছির উদ্দিনের আট সন্তানের মধ্যে মনিরুল ছিলেন সবার বড়। আর্থিক অনটনের কারণে ছাত্রজীবনেই তিনি বিভিন্ন ফলদ গাছে কলম বেঁধে চারা তৈরির দিকে ঝুঁকে পড়েন। ১৯৮৮ সালের দিকে তিনি নিজ উদ্যোগে গড়ে তোলেন একটি নার্সারি। এরপর এলাকার সাধারণ চাষিদেরও নার্সারি গড়ে তোলার ব্যাপারে উদ্বুদ্ধ করেন। তার দিকনির্দেশনায় ফুলতলায় এখন দেড় থেকে ২ হাজার নার্সারি গড়ে উঠেছে। এ শিল্পে কর্মসংস্থান হয়েছে প্রায় ১২ হাজার শ্রমিকের। দেশের গণ্ডি পেরিয়ে এখানকার চারা রফতানি হচ্ছে বিদেশেও। মনিরুল জানান, এই এলাকার নার্সারিগুলো থেকে বছরে ৩ কোটিরও বেশি চারা সারাদেশে সরবরাহ হয়ে থাকে। নার্সারি শিল্পকে বিশেষ শিল্পের মর্যাদায় উন্নীতকরণ এবং কৃষিতে ব্যাংক ঋণের সুদ ৫ শতাংশের কম করার দাবি জানান তিনি।

—শুভ্র শচীন

দুই নারী অ্যাথলেটের স্পন্সর হলেন বিগ বি



অমিতাভ বচ্চন বলিউডের জীবন্ত কিংবদন্তি, যার অসংখ্য পরিচয়ের একটি হচ্ছে জাতিসংঘের কন্যা অ্যাম্বাসেডর। আর সেই পরিচয়ের বরাতেই হয়তো দেশের দুই নারী অ্যাথলেটের প্রশিক্ষণের সব খরচের ভার নিজের কাঁধে নিলেন তিনি। অয়নিকা পাল এবং পূজা ঘাটকার নামে ওই দুই অ্যাথলেট প্রশিক্ষণ নেবে মূলত ২০১৬ সালের অলিম্পিককে সামনে রেখে। আর বিশ্বমঞ্চে দেশের নারীদের অবস্থান আরো উজ্জ্বল করতেই তাদের স্পন্সর হয়েছেন বলে জানিয়েছেন অমিতাভ বচ্চন।

স্বামীর পেছনে গোয়েন্দাগিরির দরকার নেই : বিদ্যা বালান

শিগগিরই আসছে বিদ্যা বালানের বহুল প্রতীক্ষিত সিনেমা 'ববি জাসুস'। দিয়া মির্জা এবং সাহিল সাঙ্ঘার প্রযোজনায় এই সিনেমাটির পরিচালক সমর শেখ। এতে বিদ্যা এক গোয়েন্দার ভূমিকায় অভিনয় করেছেন। এ তারকা বলেছেন, আমাকে কখনই স্বামী সিদ্ধার্থ রায় কাপুরের পেছনে গোয়েন্দাগিরি করতে হবে না। তিনি বলেন, 'ও খুবই বিরক্তিকর একজন মানুষ। তার জন্য কখনই আমাকে গোয়েন্দা হতে হবে না। গর্ভধারণ করা নিয়ে ব্যাপক গুজবের ব্যাপারে প্রশ্ন এড়িয়ে বরং নিজের আগামী সিনেমা নিয়ে কথা বলতেই আগ্রহ দেখান এ তারকা। তিনি বলেন, আপনারা সবাই আগামী ৪ জুলাই আমাকে শুভ সংবাদ দেবেন। সিনেমাটি যদি মুক্তির পর ভালো চলে এবং সবাই এর প্রশংসা করে সেটিই হবে সবচেয়ে ভালো সংবাদ।

আপনি জানেন কি

ভূতে বিশ্বাস করেন না সানি লিয়নি

ইন্দো-কানাডিয়ান পর্নো স্টার সানি লিয়নি বলিউডে তার আসন বেশ খানিকটাই পোক্ত করে ফেলেছেন। সম্প্রতি মুক্তি পাওয়া তার হরর ছবি 'রাগিনি এমএমএস টু'র জনপ্রিয়তা সে কথাই বলে। বিশেষ করে এই ছবির গান 'বেবি ডল' কেড়ে নিয়েছে দর্শকহৃদয়। অসাধারণ ভয়ের ছবি 'রাগিনি এমএমএস টু'তে সানি চুমু খেয়েছেন সন্ধ্যা মিত্রকে। বলিউডি সিনেমায় মেয়েদের চুমু খাওয়ার দৃশ্য এই প্রথম। তবে মজার বিষয় হলো, ভূতের ছবিতে অভিনয় করা সানি লিয়নি ভূতের ছবি ভালবাসলেও, ভূতে বিশ্বাস করেন না মোটেও।

স্বস্তিকা, শ্রীলেখা আর সুদীপ্তার সঙ্গে রোম্যান্স করবেন মীর

ভারতীয় কমেডি সিরিয়াল মীরাক্কেলের মীরকে চেনে না এমন মানুষ খুঁজে পাওয়া দুষ্কর। তবে চেনা সেই মীরকে এবার দেখা যাবে অন্যরূপে। নিজের প্রথম ছবি দিয়ে দর্শক মাতাতে চলেছেন জনপ্রিয় এই উপস্থাপক। মীরাক্কেলের মীর যেমন আর সবার থেকে আলাদা তাই তার প্রথম ছবিও যে অনেকটা ভিন্ন ধাঁচের হবে তা বলার অপেক্ষা রাখে না। সম্প্রতি টিএনএনকে দেয়া সাক্ষাৎকারে এমনটাই জানিয়েছেন তিনি। নাম ঠিক না হওয়া ছবিটিতে মীরকে দেখা যাবে বি গ্রেডের একটি ছবির পরিচালক হিসেবে। যেখানে তিনি রোম্যান্সে জড়াবেন স্বস্তিকা, সুদীপ্তা চক্রবর্তী আর শ্রীলেখার মতো তারকার সঙ্গে। ছবিটিতে যেন তারকার ছড়াছড়ি। সেখানে আরো অভিনয় করছেন রাইমা সেন, অরিজিৎ দত্ত আর সৌমিত্র চ্যাটার্জির মতো তারকারা। আগামী নভেম্বর থেকে শুরু হবে মীরের প্রথম ছবির শুটিং।

এক বছর অভিনয় করবেন না জেনিফার লরেন্স

এলেন, দেখলেন, জয় করলেন– হলিউডের জেনিফার লরেন্স যেন এ কথারই প্রমাণ। ২৩ বছর বয়সী এই তারকা 'হাঙ্গার গেমস' দিয়ে হলিউডে যাত্রা শুরু করে ছুটিয়ে চলেছেন জয়রথ। অভিনয়ে ব্যস্ত সময় কাটানো জেনিফার গত ১২ মাসে ৮টি সিনেমায় অভিনয় করেছেন। প্রযোজক হার্ভে ওয়েনস্টেইন সম্প্রতি জানিয়েছেন, টানা কাজ করে ক্লান্ত এই তারকা বড় পর্দা থেকে দীর্ঘ এক বছরের জন্য ছুটি নিতে যাচ্ছেন। 'সিলভার লাইনিংস প্লেবুকে' লরেন্সের সঙ্গে কাজ করা এই হলিউডি প্রযোজক 'দ্য সান'কে বলেছেন, জেনিফার খুব ভালো মানুষ। তিনি অন্যের জন্য কাজ করতে পছন্দ করেন, তাই যখন তিনি বিশ্রাম নিতে পারতেন সে সময়টাতে 'আমেরিকান হাস্‌লে'র মতো সিনেমায় কাজ করেছেন। খুবই অল্পবয়সে তিনি 'হাঙ্গার গেমস'-এর জন্য চুক্তিবদ্ধ হয়ে অভিনয় জগতে এসেছেন। তিনি তখন বুঝতে পারেননি এটা কতটা ব্যাপকভাবে তার জীবনকে নিয়ন্ত্রণ করবে। তবে তিনি পেশাদার এবং সব সময়েই পেশাদার থাকবেন। এখন তার ব্যস্ততাটা বিরামহীন হয়ে পড়েছে এবং বিশ্রাম তার প্রাপ্য।

দুটি নতুন ছবি নিয়ে আসছেন স্টিভেন স্পিলবার্গ

সেই ২০১২ সালে 'লিঙ্কন' ছবির পর থেকে আর খুঁজে পাওয়া যাচ্ছিল না বিখ্যাত চিত্রনির্মাতা স্টিভেন স্পিলবার্গকে। তবে আশার কথা, নতুন ছবি নিয়ে আবারো দর্শকদের সামনে হাজির হচ্ছেন তিনি। দীর্ঘ বিরতির কারণ না জানালেও নতুন ছবি তৈরির ঘোষণা দিয়েছেন স্পিলবার্গ। শীতল যুদ্ধ নিয়ে ২০১৫ সালের অক্টোবরে মুক্তি পাবে তার পরবর্তী গোয়েন্দা কাহিনীনির্ভর ছবি। ছবিটির নাম এখনো ঠিক হয়নি। আর ২০১৬ সাল নাগাদ মুক্তি পাবে ছোটদের নিয়ে রোয়াল্ড দাহলের গ্রন্থ 'দ্য বিএফজি' অবলম্বনে স্পিলবার্গের আরেকটি ছবি।

শুটিংয়ের ফাঁকে কিরা নাইটলি

এ সময়ে হলিউডের ব্যস্ত অভিনেত্রী কিরা নাইটলি শুটিংয়ের ফাঁকে সময় পেলেই হালকা ধাঁচের উপন্যাস পড়েন। ২৯ বছর বয়সী নাইটলি তার নতুন চলচ্চিত্র 'বিগিন বিগিন'-এর সেটে বসে বললেন, 'আসলে এটির মতো সিনেমার বেলায় খুব একটা অবসর মেলে না। আমাদের হাতে ২৪ দিন ছিল, তাই কেবল যাও, যাও আর যাও।' এ তারকা আরো বলেন, সাধারণভাবে আমি কী করি? আমার হাতে বই থাকে এবং তা একেবারে হালকা ধরনের উপন্যাস। কারণ আপনি যখন কোনো কিছুর ওপর কাজ করছেন, ঠিক সে সময় কঠিন কোনো বিষয় নিয়ে পড়ায় মনোনিবেশ করতে পারবেন না।

রবেন, স্ট্যাথাম কে কার মতো

একজন হলিউডের অ্যাকশন হিরো। আরেকজন নিজের পায়ের জাদুকরি দেখান ফুটবল মাঠে। অথচ দুজনকে পাশাপাশি দেখলে আলাদা করতে হিমশিমই খেতে হয়। বলছিলাম হলিউড তারকা 'দ্য ট্রান্সপোর্টার', 'দ্য এক্সপেন্ডেবল', 'রিভলভার' ও 'স্ন্যাচ' খ্যাত জেসন স্ট্যাথাম আর নেদারল্যান্ডসের ফুটবলার আরজেন রবেনের কথা। এই দুজনের চেহারায় রয়েছে আশ্চর্যরকম মিল। চলমান ফুটবল বিশ্বকাপে অংশ নিচ্ছেন রবেন। আর স্ট্যাথাম ব্যস্ত আছেন ছবির শুটিং নিয়ে। যদিও ফুটবলার হিসেবে এবারের বিশ্বকাপই হয়তো হতে যাচ্ছে রবেনের শেষ বিশ্বকাপ। কিন্তু স্ট্যাথাম পর্দায় তার কারিকুরি দেখাবেন আরো অনেকদিন।

গ্রন্থনা : সুমাইয়া শিফাত